

গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়
আদর্শ সদর, কুমিল্লা

স্মারক নং : ১৩.০১.১৯৬৭.০০১.৫০.০০১.২৪.২০

তারিখ: ১২/০১/২০২৫ খ্রি:

আদর্শ সদর উপজেলা, কুমিল্লায় খাদ্যবান্ধব ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

আদর্শ সদর উপজেলা, কুমিল্লা এর আওতাধীন ১২ টি বিক্রয়কেন্দ্রে খাদ্যবান্ধব কাযক্রম পরিচালনার জন্য গত ২৯/১০/২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা খাদ্যবান্ধব কমিটির সিদ্ধান্ত, খাদ্যবান্ধব নীতিমালা-২০২৪ এবং এই সংক্রান্ত পরিপত্রের আলোকে খাদ্যবান্ধব ডিলার নিয়োগ করা হবে। আদর্শ সদর উপজেলা, কুমিল্লা-তে স্থায়ীভাবে বসবাসকারী যেকোন আগ্রহী ব্যক্তির নিকট হতে নিম্নবর্ণিত কেন্দ্রের অনুকূলে উল্লিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে আবেদন আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	ইউনিয়নের নাম	বিক্রয়কেন্দ্রের নাম	ক্রমিক নং	ইউনিয়নের নাম	বিক্রয়কেন্দ্রের নাম
১	১ নং কালির বাজার	কালির বাজার, কমলাপুর বাজার	৪	৪ নং আমড়াতলী	তেলকুপী বাজার, জনতা বাজার
২	২ নং দুর্গাপুর উত্তর	আড়াইওরা, আলেকার চর	৫	৫ নং পালুপুৰী	সুৰ্বণপুর বাজার, শুভপুর বাজার
৩	৩ নং দুর্গাপুর দক্ষিণ	খেতাসার বাজার, দিদার মার্কেট	৬	৬ নং জগন্নাথপুর	বালুতুপা বাজার, বিমির বাজার

আবেদনকারীর যোগ্যতা:

- ১। আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক এবং আদর্শ সদর উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারীর নিদিষ্ট বিক্রয়কেন্দ্রে নিজস্ব/ভাড়া দোকান থাকতে হবে।
- ৩। আবেদনকারী খাদ্যশস্য লাইসেন্সধারী ও ট্রেড লাইসেন্সধারী হতে হবে।
- ৪। আবেদনকারীর দোকানের মেঝে পাকা হতে হবে এবং ১৫ মে. টন খাদ্যশস্য সংরক্ষণের ব্যবস্থা থাকতে হবে।
- ৫। আবেদনকারীকে আর্থিকভাবে স্বচ্ছল হতে হবে।
- ৬। খাদ্য বিভাগ কর্তৃক কালো তালিকাভুক্ত, বাতিলকৃত, সাময়িক বরখাস্তকৃত কোন ব্যক্তি আবেদন করতে পারবেন না।
- ৭। একই ব্যক্তি খাদ্য বিভাগের একাধিক কর্মসূচীর ডিলার হতে পারবেন না।
- ৮। কোন সরকারি কর্মচারী কিংবা জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।

আবেদনপত্রের সাথে সকল চাহিত কাগজপত্রাদির সত্যায়িত কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক) আগামী ২৯/০১/২০২৫ খ্রি. তারিখে রোজ শজলবার সকাল ১০.০০ টা হতে দুপুর ২.০০ টার মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের দপ্তর, অশোকতলা, আদর্শ সদর, কুমিল্লার সংরক্ষিত বাস্কে সীলগালা খামে জমা প্রদান করতে হবে। খামের উপর কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

নির্ধারিত আবেদনপত্রের সাথে নিম্নলিখিত ডকুমেন্টস এর সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

- (১) পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি
- (২) ব্যাংক কর্তৃক প্রদত্ত আর্থিক স্বচ্ছলতার সনদ।
- (৩) ট্রেড লাইসেন্সের কপি
- (৪) দোকানের মালিকানা/ ভাড়া সংক্রান্ত কাগজপত্র
- (৫) জাতীয় পরিচয়পত্র ও নাগরিক সনদপত্রের কপি।
- (৬) খাদ্যশস্য লাইসেন্স (ফুডগ্রেইন) এর কপি।
- (৭) অঙ্গীকারনামা।



মো: আনোয়ার হোসেন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব,
উপজেলা খাদ্যবান্ধব কমিটি।
আদর্শ সদর, কুমিল্লা।

স্মারক নং : ১৩.০১.১৯৬৭.০০১.৫০.০০১.২৪.২০

তারিখ: ১২/০১/২০২৫ খ্রি:

অনুলিপিঃ সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

- ০১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা
- ০২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম
- ০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, কুমিল্লা।
- ০৪। উপজেলা নিবাহী অফিসার, আদর্শ সদর, কুমিল্লা ও সভাপতি, উপজেলা খাদ্যবাহক কমিটি।
- ০৫। উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা এর নোটিশ বোর্ড।
- ০৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, আদর্শ সদর, কুমিল্লা এর নোটিশ বোর্ড।
- ০৭। ইউনিয়ন পরিষদ (সকল)..... আদর্শ সদর, কুমিল্লা এর নোটিশ বোর্ড।
- ০৮। অফিস কপি।

মো: আনোয়ার হোসেন
উপজেলা খাদ্য নিয়ন্ত্রক

ও

সদস্য সচিব,
উপজেলা খাদ্যবাহক কমিটি।
আদর্শ সদর, কুমিল্লা।